

কৃষিজমি, বনভূমি, জলাশয় হ্রাস-দেশের সর্বনাশ!

না গ রি ক সং লা প

কৃষিজমি রক্ষা, পরিকল্পিত আবাসন, গতিময় অর্থনীতি ও
বিকশিত জীবনের জন্য কমপ্যাক্ট টাউনশিপ



কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশন, বাংলাদেশ

১২ নভেম্বর ২০১৬ ■ আরডিআরএস বাংলাদেশ, রংপুর

- সভাপতি: জনাব সদরুল আলম (দুলু), সভাপতি, রংপুর প্রেসক্লাব, রংপুর।
- প্রধান অতিথি: জনাব সরফুদ্দিন আহমদ (বান্টু), মেয়র, রংপুর সিটি কর্পোরেশন।
- স্বাগত বক্তব্য ও সংস্থার সংক্ষিপ্ত পরিচিতি: একরাম হোসেন, গ্রুপ সদস্য, কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশন।
- নাগরিক সংলাপ অনুষ্ঠানের উদ্দেশ্য ব্যাখ্যা: ড. আবুল হোসেন, সাধারণ সম্পাদক, কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশন।

সভায় উপস্থিত বিশিষ্টজনদের বক্তব্য নিচে সংক্ষেপে তুলে ধরা হ'ল:

- জনাব মফিজুল ইসলাম (মান্টু), চিকিৎসক ও সমাজকর্মী:
 - আমি মেয়র মহোদয়ের প্রতি একটি কমপ্যাক্ট টাউনশিপ তৈরির বিষয় বিবেচনার অনুরোধ জানাতে চাই।
- খন্দকার ফকরুল আনাম (বেন্জু), সভাপতি, সুশাসনের জন্য নাগরিক, রংপুর:
 - এ বিষয়ে সিঙ্গাপুর, তাইওয়ান, হংকংসহ উন্নত দেশসমূহের অভিজ্ঞতা দেখা যেতে পারে।
 - নদী-ভাঙন রোধ করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা জরুরি।
 - অপরিকল্পিত ইটভাটা নির্মাণ নিয়ন্ত্রণে জরুরি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
- জনাব ওয়াদুদ আলী, দৈনিক ইত্তেফাক, রংপুর প্রতিনিধি:
 - এ ধরনের আবাসন পরিকল্পনার সাথে সাথে কৃষি কাজ এবং শস্যের বিপণন ব্যবস্থার কথাও বিবেচনা করতে হবে।
- জনাব মুনীর চৌধুরী, এডভোকেট, জজ কোর্ট, রংপুর:
 - কমপ্যাক্ট টাউনশিপ-এর ধারণার সাথে জনসংখ্যা নিয়ন্ত্রণের বিষয়টি সংযুক্ত করা প্রয়োজন।
 - কমপ্যাক্ট টাউনশিপ-এর লক্ষ্য বাস্তবায়ন আইনগত কাঠামোর মধ্যেই হতে হবে, এবং তার জন্য সংসদে আইন পাশ করা দরকার।
- মোশফেকা রাজ্জাক, সভাপতি, সচেতন নাগরিক কমিটি, টিআইবি, রংপুর:

- কমপ্যাক্ট টাউনশিপ - এর লক্ষ্য এবং এর সঙ্গে উপস্থাপিত আনুষঙ্গিক বিষয়াবলীর সঙ্গে একমত পোষণ করছি।

■ মেরিনা লাভলী, চ্যানেল আই, রংপুর প্রতিনিধি:

- রংপুরে সিটি কর্পোরেশন একটি কমপ্যাক্ট টাউনশিপ নির্মাণের কথা বিবেচনা করতে পারে।

■ জনাব শাহ আলম, অধ্যাপক, বাংলা বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর:

- গ্রামের মানুষের সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য সরকারের বিভিন্ন খাতকে এই পরিকল্পনার সঙ্গে যুক্ত করতে হবে।
- জমি অধিগ্রহণের পরিকল্পনায় বনবিভাগকে অন্ভুক্ত করতে হবে।
- কমপ্যাক্ট টাউনশিপ পরিকল্পনা ও নির্মাণ কাজে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে পরিস্কার দিক-নির্দেশনা, যেমন: বৈদেশিক সাহায্য, সরকারের আর্থিক সহযোগিতা, এনজিও-র অনুদান, এলাকার মানুষের অংশগ্রহণ--সবকিছু জনগণকে জানাতে হবে।

■ জনাব ওমর ফারুক, শিক্ষক:

- কমপ্যাক্ট টাউনশিপ নির্মাণে অর্থের উৎস, প্রকৌশল ব্যবস্থাপনা, সাংগঠনিক তৎপরতা বিষয়ে কিছু উল্লেখ করা হয় নি। এ বিষয়ে একটি সার্বিক পরিকল্পনা প্রয়োজন।

■ জনাব আব্দুর রউফ সরকার, দৈনিক জনকণ্ঠ, রংপুর প্রতিনিধি:

- পরিকল্পিত গ্রাম-শহর গঠনের জন্য সরকারকে প্রয়োজনীয় নীতি গ্রহণ করে জনগণকে এ বিষয়ে সচেতন করতে হবে।

■ জনাব আব্দুল আজিজ সরকার, কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ বিভাগ, রংপুর:

- সততার সাথে এবং ন্যায়পরায়ণভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে।

■ প্রধান অতিথি: জনাব সরফুদ্দিন আহমদ (বান্টু), মেয়র, রংপুর সিটি কর্পোরেশন:

- উদ্যোগের সঙ্গে একমত পোষণ করছি।
- সরকারের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে যুক্ত থেকে পরিকল্পনা প্রণয়ন ও কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
- সরকারকে উদ্বুদ্ধ করে প্রয়োজনীয় আইন ও নীতি প্রণয়ন করতে হবে।

অংশগ্রহণকারীরা আরও বলেন,

- কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশনের লক্ষ্যের কথা শুনলাম, কিন্তু লক্ষ্য বাস্তবায়নের দিক-নির্দেশনা পাওয়া গেল না।
- সরকারও পরিবেশ, জলাশয়, কৃষিজমি রক্ষার ঘোষণা দিয়েছে। কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশন সরকারের সহযোগী হিসেবে কাজ করতে পারে। ফাউন্ডেশন প্রকল্প বাস্তবায়নের মানের প্রতি কঠোরভাবে নজর রাখতে পারে।
- তরুণদের অংশগ্রহণের ব্যবস্থা রাখা যেতে পারে।

■ সভাপতি: জনাব সদরুল আলম (দুলু), সভাপতি, রংপুর প্রেসক্লাব, রংপুর:

- উদ্যোগের প্রশংসা করছি।
- অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

নাগরিক সংলাপ অনুষ্ঠানে বাসদ (মার্কসবাদী)-এর রংপুর জেলা শাখার সমন্বয়কারী আনোয়ার হোসেন বাবলু, গবেষক-সাংবাদিক ড. মিজানুর রহমান, বাংলাদেশ মহিলা পরিষদ, রংপুর জেলা কমিটির সভাপতি হাসনা চৌধুরী, সুজন রংপুর মহানগর শাখার সভাপতি আফতাব হোসেন, সামাজিক বন বিভাগ, রংপুর -এর মোশারফ হোসেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ড. তুহীন ওয়াদদ, জাতীয় ও স্থানীয় সংবাদপত্রের অন্ত পঁচিশ জন প্রতিনিধিসহ প্রায় পঞ্চাশজন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

■ প্রতিবেদন: একরাম হোসেন, সিটিএফ; সহযোগিতা: অনিন্দিতা কুদ্দু, সনাক, টিআইবি, রংপুর।